গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ

মোহাম্মদপুর, ঢাকা - ১২০৭

https://www.mmsc.edu.bd

শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি: শিক্ষাবর্ষ ২০২৭ খ্রি. Group - A

অনলাইন আবেদন ফরম পূরণ ও সময়

০১/১২/২০২৬ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ১১.০০টা থেকে ১০/১২/২০২৬ খ্রি. তারিখ বৃহস্পতিবার বিকাল ৫.০০টা পর্যন্ত অনলাইনে (https://gsa.teletalk.com.bd) আবেদন করতে হবে।

ভর্তির আবেদন ফি- ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা টেলিটক প্রি-পেইড মোবাইল হতে প্রদান করতে হবে।

শিক্ষার্থী ভর্তির শ্রেণি, আসন সংখ্যা ও পরীক্ষার সময়সূচি

ভর্তির শ্রেণি	শিফট	আসন সংখ্যা	ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	ভর্তি পরীক্ষার মানবণ্টন ও সময়	ক্যাচমেন্ট এরিয়া
৩য় শ্রেণি-বালক	প্রভাতি শাখা	৪০ জন	পরীক্ষার তারিখ : ১৭/১২/২০২৬ বৃহস্পতিবার (ক) ৩য় শ্রেণি হতে ৫ম শ্রেণি : সকাল-১০.০০টা--১১.০০টা (১ ঘন্টা) (খ) ৬ষ্ঠ শ্রেণি হতে ৯ম শ্রেণি : বিকাল-২.০০টা--৪.০০টা (২ ঘন্টা)	(ক) ৩য় শ্রেণি হতে ৫ম শ্রেণি : পূর্ণমান-৫০ (বাংলা-১৫, ইংরেজি-১৫, গণিত-২০) পরীক্ষার সময় : ১ ঘন্টা (খ) ৬ষ্ঠ শ্রেণি হতে ৯ম শ্রেণি : পূর্ণমান - ১০০ (বাংলা-৩০, ইংরেজি-৩০, গণিত-৪০) পরীক্ষার সময় : ২ ঘন্টা	মোহাম্মদপুর থানা, আদাবর থানা, শেরে বাংলা নগর থানা
৩য় শ্রেণি-বালিকা	প্রভাতি শাখা	৪০ জন			
৪র্থ শ্রেণি-বালক	প্রভাতি শাখা	০৫ জন			
৪র্থ শ্রেণি-বালিকা	প্রভাতি শাখা	০৫ জন			
৫ম শ্রেণি-বালক	প্রভাতি শাখা	৫০ জন			
৫ম শ্রেণি-বালিকা	প্রভাতি শাখা	৫০ জন			
৬ষ্ঠ শ্রেণি-বালক	প্রভাতি শাখা	১০ জন			
৬ষ্ঠ শ্রেণি-বালিকা	প্রভাতি শাখা	০৫ জন			
৭ম শ্রেণি-বালক	প্রভাতি শাখা	০৫ জন			
৭ম শ্রেণি-বালিকা	প্রভাতি শাখা	০৫ জন			
৮ম শ্রেণি-বালক	প্রভাতি শাখা	০৫ জন			
৮ম শ্রেণি-বালিকা	প্রভাতি শাখা	১০ জন			
৯ম শ্রেণি (বিজ্ঞান)-বালক	প্রভাতি শাখা	০৫ জন			
৯ম শ্রেণি (বিজ্ঞান) - বালিকা	প্রভাতি শাখা	১০ জন			
৯ম শ্রেণি (ব্যবসায় শিক্ষা)-বালক	প্রভাতি শাখা	২৫ জন			
৯ম শ্রেণি (ব্যবসায় শিক্ষা) - বালিকা	প্রভাতি শাখা	৩০ জন			
৯ম শ্রেণি (মানবিক) - বালক	প্রভাতি শাখা	২৫ জন			
৯ম শ্রেণি (মানবিক) - বালিকা	প্রভাতি শাখা	৩০ জন			
সর্বমোট	=	৩৫৫ জন			

বিশেষ দ্রষ্টব্য : **বিদ্যালয়ে ভর্তি ফরম পাওয়া যাবে না। ভর্তি ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।**

কোটা : ক. ক্যাচমেন্ট এরিয়া-৪০%, (আবেদনকারীর পিতা/মাতা/অভিভাবক যদি সংশ্লিষ্ট থানার ভোটার হন অথবা কোনো বাড়ি বা ফ্ল্যাটের মালিক হিসেবে বসবাসরত থাকেন অথবা কোনো সরকারি বাসার বরাদ্দপ্রাপ্ত হন অথবা ভর্তি বিজ্ঞপ্তি জারির তারিখে ভাড়াটিয়া হিসেবে বসবাস করেন (ইউটিলিটি সার্ভিসের প্রত্যয়ন সাপেক্ষে) সেক্ষেত্রে ক্যাচমেন্ট এলাকার বিদ্যালয়ে আবেদন করার সুযোগ পাবেন)।

খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান-৫% (মুক্তিযোদ্ধা কোটা নির্ধারণের ক্ষেত্রে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানেরা পাবে এবং সংশ্লিষ্ট প্রমাণপত্রের কপি দাখিল করতে হবে)।

গ. বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ন্যূনতম যোগ্যতা থাকার শর্তে ২% আসন সংরক্ষিত থাকবে। (বিশেষ চাহিদাসম্পন্ন কোটা নির্ধারণের ক্ষেত্রে প্রমাণস্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে)।

ঘ. শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সন্তান ভর্তির জন্য ১% আসন সংরক্ষিত থাকবে এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদের জন্য ১% আসন সংরক্ষিত থাকবে।

ঙ. সহোদর-৩% (সহোদর কোটা নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্রের কপি দাখিল করতে হবে)।

চ. যমজ ভাই-২% (যমজ ভাই/বোন কোটা নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্রের কপি দাখিল করতে হবে)।

ছ. ৬ষ্ঠ শ্রেণির মোট আসনের ১০% কোটা (স্বতন্ত্র সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে)।

*** যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবে তাদের প্রযোজ্য কোটার বক্সে অবশ্যই টিক চিহ্ন দিতে হবে। অন্যথায় কোটা বিবেচনা করা হবে না।**

*** প্রার্থীকে Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি সংরক্ষণ করতে হবে।**

*** প্রার্থীদেরকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র Download করে প্রিন্ট কপি পরীক্ষার দিন সঙ্গে আনতে হবে।**

আনুষঙ্গিক গুরুত্বপূর্ণ তথ্যাদি :

১. ভর্তির সময় বয়সের প্রমাণপত্র হিসাবে অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

২. ভর্তির সময় পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের ছাড়পত্রের (টিসি) মূল কপি এবং পূর্ববর্তী শ্রেণির বার্ষিক পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণের প্রমাণপত্র জমা দিতে হবে। নির্ধারিত সময়ে উল্লেখিত কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩. কোটার দাবিদার হলে কোটার জন্য নির্দিষ্ট বাটনে ক্লিক করতে হবে। ভুলবশত এই অপশন দিলে এবং পরবর্তীতে কোটার আসন পেলেও তার ভর্তি বাতিল হয়ে যাবে।

৪. আবেদনকারীর সহোদর ভাই/বোন এই বিদ্যালয়ে অধ্যয়নরত থাকলে আবেদনের সময় সহোদর বাটনে ক্লিক করতে হবে এবং শ্রেণিশিক্ষকের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর কাছ থেকে সংগৃহীত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৫. আবেদনকারীর যমজ ভাই/বোন এই বিদ্যালয়ে অধ্যয়নরত থাকলে অথবা নতুন যমজ আবেদনের সময় যমজ বাটনে ক্লিক করতে হবে।

৬. বিভিন্ন কোটায় নির্বাচিত আবেদনকারীর কোটার স্বপক্ষে প্রয়োজনীয় মূল প্রমাণপত্র এবং এদের সত্যায়িত কপিসহ অন্যান্য কাগজপত্রাদি ফল প্রকাশের পর দেখাতে হবে।

৭. নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময় প্রবেশপত্রের মূল কপি (রঙিন), আবেদনের অনলাইন কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে হবে।

৮. কোনো আবেদনকারী কোনো ধরনের অসত্য তথ্য প্রদান করলে অথবা প্রকৃত তথ্য গোপন করে নির্বাচিত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

**** শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ভর্তি নীতিমালা-২০২৭(সংশোধিত) অনুযায়ী ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হবে।**

২৫/১১/২৬

প্রফেসর মো. নজরুল ইসলাম খান
অধ্যক্ষ
আইডি নং – ৫০৪৬
সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ

২৫/১১/২৬

রনি সাহা, সহকারী শিক্ষক
আহবায়ক
৩য়-৯ম শ্রেণি ভর্তি কমিটি - ২০২৭
সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ